সংবাদ

7 FEB 2017

## ভুল প্রশ্নপত্র সরবরাহ
# গফরগাঁওয়ে কেন্দ্র সচিব ক্লোজড

**প্রতিনিধি, গফরগাঁও**

ময়মনসিংহের গফরগাঁও উপজেলার পাগলা থানাধীন একটি এসএসসি পরীক্ষা কেন্দ্রে ৩২ জন অনিয়মিত পরীক্ষার্থীদের মাঝে নিয়মিত পরীক্ষার্থীদের প্রশ্নপত্র সরবরাহ করা হয়। ফলে পরীক্ষার্থীরা ১০০ নম্বরের পরিবর্তে ৯০ নম্বরের পরীক্ষা দেয়। কতৃপক্ষের এমন উদাসীনতায় ওইসব পরীক্ষার্থীর ১০ নম্বর কম উত্তর করার সুযোগ মেলে। পরে বিষয়টি তদন্ত শেষে সত্যতা পাওয়ায় গত রোববার সন্ধায় কেন্দ্র সচিব রফিকুল ইসলামকে ক্লোজড করে নতুন কেন্দ্র সচিব নিয়োগ করা হয়েছে। ঘটনাটি ঘটে উপজেলার উস্থি ইউনিয়নের পাগলা থানাধীন কান্দিপাড়া আস্কর আলী উচ্চ বিদ্যালয় কেন্দ্রে। গত রোববার সাংবাদিকরা ওইসব বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও অভিভাবকদের কাছে বিষয়টি জানতে পেরে ওই কেন্দ্রে গিয়ে পরীক্ষার্থীদের সঙ্গে কথা বলে ভুল প্রশ্নপত্র সরবরাহের প্রমান পেলেও কেন্দ্র কর্তৃপক্ষ বিষয়টি ধামাচাপা দেয়ার চেষ্টা করে। পুনরায় উপজেলা মাধ্যমিক শিক্ষা কমকর্তার নেতৃত্বে একটি দল তদন্ত শেষে ঘটনার সত্যতা পায়। পরে ওই কেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত কেন্দ্র সচিবকে ক্লোজড করা হয়।

এ ব্যাপারে উপজেলা নির্বাহী কর্মকর্তা সিদ্ধার্থ শংকর কুন্ডু সত্যতা স্বীকার করে বলেন, ভুল প্রশ্নপত্র সরবরাহ করায় কেন্দ্র সচিব রফিকুল ইসলামকে প্রত্যাহার করে মাইজবাড়ি হাতেমতাই উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক তাশারফ হোসেনকে কেন্দ্র সচিব হিসেবে নিয়োগ দেয়া হয়েছে।